**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-06–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

.................................................................

**Meeting On Three New Law :**

নতুন তিন ফৌজদারি আইন কার্যকর করার ব্যাপারে অগ্রগতি নিয়ে আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব রাজ্য প্রশাসনের সংশ্লিট দফতর ও পদস্থ আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন। মহাকরণ সূত্রে জানা গেছে, পুলিশ প্রশাসন, আইন দপ্তর, রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ, জেলা শাসক সহ সংশ্লিষ্ট সব দপ্তরের প্রতিনিধিদের নিয়ে আজ সকাল ১১টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠক হবে। উল্লেখ্য, ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিন আইনের উপর সাধারন নাগরিকদের সচেতনতা বাড়ানোর জন্য ব্লক স্তরে সচেতনতা সভার আয়োজন করেছে রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ। আগামী ১লা জুলাই থেকে এইনতুন তিন ফৌজদারি আইন দেশে বলবৎ হবে।

************************

**LOKSOBHA SPEAKER :**

আগামী ২৪শে জুন থেকে অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরু হবে । ২৭শে জুন থেকে শুরু হবে রাজ্যসভার অধিবেশন । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংসদের যৌথ অধিবেশনে ভাষণ দেবেন । ৩রা জুলাই পর্যন্ত চলবে অধিবেশন । অধিবেশনে নবনির্বাচিত সাংসদগণ শপথ গ্রহণ করবেন । আগামী ২৬শে জুন লোকসভার অধ্যক্ষ নির্বাচন করা হবে ।

*******************

**Pineapple Agri Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল আগরতলা রেলষ্টেশনে পতাকা নেড়ে মধ্য প্রাচ্যের ওমানে, জিআই ট্যাগ সমৃদ্ধ রাজ্যের কুইন জাতের আনারসের একটি চালানের যাত্রার সূচনা করেন। চালানটিতে জৈব পদ্ধতিতে উৎপাদিত কুইন প্রজাতের ৬০০ টি আনারস রয়েছে। কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেন, দুবাইয়ে ৫ মেট্রিক টন কিউ জাতের আনারস পাঠানোর জন্য আলোচনা চলছে।

*********************

**TTAADC Session :**

আগামী ২৮শে জুন খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের একদিনের বিশেষ অধিবেশন বসবে। সকাল ১১টায় শুরু হবে অধিবেশন। স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেব্বর্মা এ অধিবেশন আহ্বান করেছেন বলে এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছেন এডিসির পরিষদীয় সচিব।

*******************

**Sudhangsu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাসের নেতৃত্বে গতকাল আগরতলার মৎস্য দপ্তরের প্রধান কার্যালয়ে রাজ্যভিত্তিক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ২০২৩-২৪ অর্থবছরে বাজেটে মৎস্য দপ্তরের গৃহীত লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে কিনা, কোন কোন জায়গায় সমস্যা রয়েছে সেই ব্যাপারে আলোচনা করা হয়। তাছাড়া, মৎস্য ক্ষেত্রে অর্জিত সাফল্য ও ২০২৪-২৫ অর্থবছরে মৎস্য দপ্তরের কাজের রূপরেখার নিয়েও বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রী বলেন, বর্তমানে চাহিদার থেকে মাছের যোগান কম রয়েছে। এখনো ১৫ থেকে ২০ হাজার মেট্রিক টন মাছ বাইরে থেকে আনতে হয়। কিন্তু, খুব শীঘ্রই রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের দ্বারা তা সমাধান হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

********************

**Defence Minister:**

আগামী পাঁচ বছরে দেশের প্রতিরক্ষা রপ্তানি ৫০ হাজার কোটি টাকায় উন্নীত করার লক্ষ্যমাত্রা নিয়েছে কেব্দ্রীয় সরকার।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং তাঁর মন্ত্রকের দায়িত্ব গ্রহণ করে বলেছেন, ভারত ইতিমধ্যে ২১ হাজার কোটি টাকারও বেশি মূল্যের প্রতিরক্ষা সরঞ্জাম রপ্তানি করেছে, যা ঐতিহাসিক।

তিনি বলেন, সরকার একটি শক্তিশালী ও আত্মনির্ভর ভারত গড়ে তুলতে চায় এবং দেশের নিরাপত্তা এবং নিরাপত্তা বাহিনীর কল্যাণে সরকারের অগ্রাধিকার অব্যাহত থাকবে।

*****************************

**NATIONAL RURAL JIBIKA MISSION :**

উত্তর ত্রিপুরা জেলা মিশন ম্যানেজমেন্টের উদ্যোগে গতকাল ধর্মনগরে ত্রিপুরা গ্রামীন জীবিকা মিশনের উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক এক কর্মশালা অনুষ্ঠিত হয় । কর্মশালার উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন । জাতীয় গ্রামীন জীবিকা মিশনে জেলার জেলা স্বসহায়ক দলগুলো আরো বেশি ঋণ কি করে পেতে পারেন, তা নিয়ে আলোচিনা করা হয় ।

*******************

**TFA GOVERNOR BODY MEETING :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের গভর্নিং বডির সভা আগামী ১৬ই জুন হবে। এতে বিভিন্ন সাব কমিটি গঠন সহ তৃতীয় ডিভিশন ফুটবলের উদ্বোধকের নাম স্থির করা হবে। সভায় গভর্নিং বডির সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য রাজ্য ফুটবল সংস্থার সচিব অমিত চৌধুরী অনুরোধ করেছেন।

**********************

**Yoga Day :**

রাজ্যজুড়ে আগামী ২১ জুন আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনের প্রস্তুতি চলেছে। যোগা ইনস্টিটিউট এ বিষয়ে গত কয়েকদিন ধরে শিশু ও কিশোর-কিশোরীদের যোগ ব্যায়ামের অনুশীলন চালাচ্ছে। সংস্থার কর্মকর্তা রঞ্জন কুমার পাল বলেছেন, আগরতলার হাপানিয়ায় আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে আগামী ২১ জুন আন্তর্জাতিক যোগ দিবসে রাজ্য স্তরের মূল উদযাপন কর্মসূচিতে এসটিআই থেকে প্রায় ২৫০ জন শিক্ষার্থী এবং প্রায় ৩০০০ যোগ অনুশীলনকারী অংশ নেবেন।

********************

**FITNESS CAMP OF REFFERY :**

ফুটবল রেফারিদের ফিটনেস ক্যাম্প আজ অনুষ্ঠিত হবে। সকালে উমাকান্ত মিনি স্টেডিয়ামে ক্যাম্প শুরু হবে। ফুটবল মরশুম শুরু হওয়ার আগে রেফারির প্রস্তুতি হিসেবেই এই শিবির করা হচ্ছে বলে রাজ্য রেফারি সংস্থার সচিব নারায়ন দে জানান।

*****************

**WEATHER :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে । বজ্র বিদ্যুত সহ দু`এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । আগরতলায় গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ৬৩.২ মিলিমিটার । আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৫ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি ।

******************

**********************